দর্শনা প্রেসক্লাবে ‘দৈনিক রানার’ এর প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

যশোর থেকে প্রকাশিত দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ঐতিহ্যবাহী ও প্রাচীন সংবাদপত্র ‘দৈনিক রানার’-এর ৪৬তম প্রতিষ্ঠাবার্ষিকী চুয়াডাঙ্গায় সাড়ম্বরে পালিত হয়েছে।

মঙ্গলবার (১৩ অক্টোবর) সকাল ১০টায় দর্শনা প্রেসক্লাবে কেক কাটা ও আলোচনা সভার মধ্য দিয়ে পত্রিকাটির এ বিশেষ মাইলফলক উদ্যাপন করা হয়।

‘দৈনিক রানার’-এর চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি আকিমুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নজরুল ইসলাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন দর্শনা থানা বিএনপির সমন্বয়ক ও সাবেক ছাত্রনেতা হাবিবুর রহমান বুলেট, জেলা প্রেসক্লাবের সহসভাপতি সিনিয়র সাংবাদিক শরীফ উদ্দীন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি ইকরামুল হক পিপুল, সাংবাদিক সমিতির সভাপতি আব্দুল আওয়াল ও সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন।

এছাড়াও উপস্থিত ছিলেন মাইটিভির জেলা প্রতিনিধি জামাল হোসেন খোকন, এটিএন নিউজের জেলা প্রতিনিধি মিথুন মাহামুদ, রাজধানী টিভির জেলা প্রতিনিধি আহসান হাবীব মামুন এবং চুয়াডাঙ্গা পোস্টের সম্পাদক ও প্রকাশক ওয়াসিম সাঈদসহ দর্শনা প্রেসক্লাবের সাংবাদিকবৃন্দ।

আলোচনা সভায় বক্তারা বলেন, ১৯৮০ সালের ২৬ মার্চ বস্তুনিষ্ঠ ও সাহসী সাংবাদিকতার অঙ্গীকার নিয়ে যাত্রা শুরু করে ‘দৈনিক রানার’। স্বাধীনতার পরবর্তী সময় থেকে আজ অব্দি যশোরসহ পুরো দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষের সুখ-দুঃখ, সংগ্রাম ও সম্ভাবনার কথা সাহসিকতার সঙ্গে তুলে ধরছে পত্রিকাটি।

বিশেষ এ দিনে পত্রিকাটির প্রতিষ্ঠাতা সম্পাদক গোলাম মাজেদ এবং পরবর্তীতে পত্রিকাটিকে জনপ্রিয়তার শীর্ষে নিয়ে যাওয়া প্রয়াত

সাহসী সম্পাদক আরএম সাইফুল আলম মুকুলের অবদান গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। দীর্ঘ ৪৫ বছর পেরিয়ে ৪৬ বছরে পদার্পণের এই শুভক্ষণে ডিজিটাল যুগেও পত্রিকাটির বস্তুনিষ্ঠতা ও সাহসিকতার ধারাবাহিকতা বজায় থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন অতিথিরা।

দৈনিক রানার এর প্রতিনিধি সম্মেলন সম্পন্ন

শুধু পত্রিকা নয়, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষের আপনজন- এই ধারাবাহিকতা রক্ষার দৃপ্ত শপথের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে দৈনিক রানারের প্রতিনিধি সম্মেলন।

রবিবার যশোর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে দিনব্যাপী এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন দৈনিক রানারের ভারপ্রাপ্ত সম্পাদক আরএম কবিরুল আলম দিপু। বক্তব্য রাখেন দৈনিক রানারের প্রকাশক উত্তম কুমার ঘোষ। ডেপুটি এডিটর প্রণব দাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে আলোচনা করেন বার্তা সম্পাদক তৌহিদ জামান, দৈনিক রানারের শুভাকাঙ্ক্ষী সোহরাব হোসেন, স্টাফ রিপোর্টার জাহিদুল কবীর মিল্টন, এ্যান্টনি দাস অপু, এফ এম এ রাজ্জাক, এইচ এম হাসেম, ওয়াজেদ খান ডবলু, রাজু আহম্মেদ, আরিফুজ্জামান, এম আজিজুল হক, শাহীন আহমেদ, সোহাগ হোসেন, বাবুল আক্তার, রহিদুল ইসলাম খান, রাশেদ হোসেন, সোহাগ হোসেন, আতাউর রহমান জসি, নাসির উদ্দিন, জিএম বাবু প্রমুখ।
এছাড়া, মোল্যা গিয়াস উদ্দিন, জাহিদ হাসান, শিমুল হোসেন, অনাথ মন্ডল, হাবিবুল্লাহ বাহার, কে এম শাহীনুর রহমান, মো. ইমরান, সুব্রত কুমার, এনামুল হক দুলু, সালাউদ্দীন, সাইফুল ইমলাম, জয়ন্ত জোয়ারদার, ইমরান হোসেন, আকিমুল ইসলাম প্রমুখ আলোচনায় অংশ নেন।

অনুষ্ঠানের শুরুতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টে নিহত শাহাদাতবরণকারী সকলের আত্মার শান্তি কামনায় দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। এরপর দৈনিক রানারের প্রতিষ্ঠাতা

মরহুম গোলাম মাজেদ ও তার স্ত্রী মরহুম রাবেয়া খাতুন, পুত্র শহীদ সাংবাদিক আরএম সাইফুল ইসলাম মুকুল, মঞ্জুরুল আলম টুটুলের প্রতি শ্রদ্ধা জানানো হয়।